

তারিখ: ২৫/০৭/২০২২ খ্রি.

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১০.২০২২-৬৭০

বিষয়: ঘিওর সরকারি কলেজ, ঘিওর, মানিকগঞ্জ এর স্থায়ী সম্পত্তির জলমহাল ইজারা।

সূত্র: কলেজ স্মারক নং ১০৭৩, তারিখ: ১০.০৪.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঘিওর সরকারি কলেজ, ঘিওর, মানিকগঞ্জ-এর ১৩.৫০ একর স্থায়ী সম্পত্তির জলমহাল ইজারা না হওয়ায় অত্র অধিদপ্তরের মতামত নির্দেশক্রমে তাঁকে অবহিত করা হলো।

কলেজের ১৩.৫০ একর স্থায়ী সম্পত্তির জলমহাল ইজারাটি জাতীয় ও স্থানীয় দু'টি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজন ছিল। এ ছাড়া ইজারা কমিটি দু'বার সিডিউল বিক্রয়ের প্রক্রিয়া বৃদ্ধি করেছে কিন্তু তা কোন পত্রিকায় প্রকাশিত হয়েছে কি-না তার কোনো প্রমাণক নেই। এমতাবস্থায় বিগত দিনে যারা ইজারাতে অংশগ্রহণ করেছেন এবং অন্যান্য মৎস্যজীবী ও মৎস্যজীবী সংগঠনের সাথে আলোচনা করে তারা কেন বর্তমানে ইজারায় অংশগ্রহণ করেননি- তার কারণ উৎঘাটন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

[Handwritten Signature]
25.7.22

(লোকমান হোসেন-১৭৩৯৪)
সহকারী পরিচালক (কলেজ-১)
ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ
ঘিওর সরকারি কলেজ
ঘিওর, মানিকগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০২। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। সংরক্ষণ নথি।